ইন্টারনেট ব্যাংকিং ও ক্রেডিট কার্ড সেবা শূন্যের কাছাকাছি!

একক ব্যাংক হিসেবে সর্বোচ্চ গ্রাহক সোনালী ব্যাংকের। প্রায় দেড় কোটি গ্রাহককে ব্যাংকিং সেবা দিচ্ছে রাষ্ট্রায়ত্ত ব্যাংকটি। রাষ্ট্রের শীর্ষ ব্যক্তি থেকে শুরু করে সচিব ও প্রায় সব সরকারি কর্মকর্তা-কর্মচারীরই বেতন পরিশোধ হয় এ ব্যাংকের মাধ্যমে। যদিও ডিজিটাল ব্যাংকিংয়ের কাঙ্ক্ষিত ছোঁয়া লাগেনি রাষ্ট্রায়ত্ত সবচেয়ে বড় এ ব্যাংকটিতে। একই অবস্থা রাষ্ট্রায়ত্ত অন্যান্য ব্যাংকেরও। ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, ইন্টারনেট ব্যাংকিংয়ের মতো আধুনিক সেবাগুলো থেকে বঞ্চিত হচ্ছেন এসব ব্যাংকের গ্রাহকরা।বাংলাদেশ ব্যাংকের তথ্যমতে, দেশের ক্রেডিট কার্ডের মাত্র শূন্য দশমিক ৩২ শতাংশ রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর। ডেবিট কার্ডের ১ দশমিক ৫৩ শতাংশ রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর নিয়ন্ত্রণে থাকলেও ইন্টারনেট ব্যাংকিং শূন্য।http://bonikbarta.net

এনার্জিপ্যাক পাওয়ারের রোড শো রোববার

বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে পুঁজিবাজারে তালিকাভুক্ত হওয়ার উদ্যোগ নিয়েছে এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লিমিটেড। এ লক্ষ্যে ১৫ অক্টোবর সন্ধ্যা ৭টায় রাজধানীর ওয়েস্টিন হোটেলের গ্র্যান্ড বল রুমে রোড শো আয়োজন করবে বিদ্যুত্ খাতের কোম্পানিটি।রোড শো অনুষ্ঠানে আইন নির্ধারিত যোগ্য প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের (ইআই) সামনে কোম্পানির ব্যবসায়িক ও আর্থিক বিষয়াদি তুলে ধরবেন সংশ্লিষ্টরা। মূলধন উত্তোলনের বিস্তারিত পরিকল্পনাও তখন প্রকাশ করা হবে।http://bonikbarta.net

ব্যবসায় শীর্ষে ৫ জীবন বীমা কোম্পানি

২০১৬ সালে জীবন বীমা খাতে দেশী প্রতিষ্ঠানগুলোর মধ্যে ব্যবসায় এগিয়ে আছে শেয়ারবাজারে তালিকাভুক্ত পাঁচ কোম্পানি। কোম্পানিগুলো হলো— ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স, ন্যাশনাল লাইফ, পপুলার লাইফ, ডেল্টা লাইফ ও মেঘনা লাইফ ইন্স্যুরেন্স।আইডিআরএ সূত্র জানায়, বিদায়ী বছরে দেশের সরকারি-বেসরকারি ৩২টি জীবন বীমা কোম্পানির নতুন প্রিমিয়াম সংগ্রহ প্রায় ১৯ শতাংশ বেড়েছে, যা আগের বছর বেড়েছিল মাত্র ৪ শতাংশ। সবচেয়ে বেশি নতুন প্রিমিয়াম সংগ্রহ করেছে বিদেশী বীমা কোম্পানি মেটলাইফ। গেল বছর কোম্পানিটি নতুন প্রিমিয়াম সংগ্রহ করেছে ৪৫৯ কোটি টাকা। দেশের একমাত্র সরকারি জীবন বীমা প্রতিষ্ঠান জীবন বীমা করপোরেশন ১১০ কোটি টাকা নতুন প্রিমিয়াম সংগ্রহ করে অষ্টম স্থানে রয়েছে।http://bonikbarta.net

যশোরে বিনিয়োগ নিয়ে কর্মশালা

যশোর কালেক্টরেট ভবনে গতকাল 'ব্যক্তিগত বিনিয়োগ পরিকল্পনা, উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন' শীর্ষক দিনব্যাপী এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। খুলনা বিভাগীয় কমিশনার লোকমান হোসেনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি-বিষয়ক মুখ্য সমন্বয়ক আবুল কালাম আজাদ।http://bonikbarta.net

পণ্যের গুণগত মান নিয়ে বিপর্যস্ত করপোরেট জাপান

একটা সময় ছিল যখন জাপানের কোম্পানির তৈরি পণ্যের গুণগত মান নিয়ে কোনো রকম প্রশ্নের অবকাশ ছিল না। কিন্তু বর্তমানে জাপানের শীর্ষ কোম্পানিগুলোই পণ্যের গুণগত মান নিয়ন্ত্রণ ও পরিচালনা-সংশ্লিষ্ট কেলেঙ্কারি নিয়ে রীতিমতো কোণঠাসা অবস্থায় রয়েছে, যা গুণগত মান রক্ষা নিয়ে দেশটির এত দিনের অর্জিত সুনাম মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করছে। সদ্য এ তালিকায় যুক্ত হয়েছে কোবে স্টিল। বিভিন্ন উড়োজাহাজ ও গাড়ির যন্ত্রাংশে ব্যবহৃত প্রায় ২০ হাজার টন ধাতব পণ্যের গুণগত মান নিয়ে ভুল তথ্য দেয়ার অভিযোগ স্বীকার করেছে জাপানের তৃতীয় বৃহত্তম ইস্পাত নির্মাতা কোম্পানিটি। খবর ফিন্যান্সিয়াল টাইমস, এএফপি ও আসাহি শিমবান।http://bonikbarta.net

সেপ্টেম্বরে বৈশ্বিক খাদ্যমূল্য বেড়েছে ১.৪%

কয়েক মাস ধরে বৈশ্বিক খাদ্যপণ্যের মূল্যসূচকে উর্ধ্বমুখিতা বজায় থাকার পর আগস্টে সূচকে নিম্নমুখিতা দেখা যায়। তবে এক মাসের ব্যবধানে সেপ্টেম্বরে বৈশ্বিক খাদ্যপণ্যের দাম বেড়েছে আগের মাসের তুলনায় ১ দশমিক ৪ শতাংশ। এ সময় বৈশ্বিক খাদ্যমূল্যের গড় সূচক মান ছিল ১৭৮ দশমিক ৪ পয়েন্ট। আর গত বছরের একই সময়ের তুলনায় এ সূচকমান ৭ দশমিক ৪ পয়েন্ট বা ৪ দশমিক ৩ শতাংশ বেশি। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) ফুড প্রাইস ইনডেক্স (এফএফপিআই) অনুযায়ী, চলতি বছরের সেপ্টেম্বরে খাদ্যপণ্যের গড় মূল্যসূচক বাড়ার পেছনে সবচেয়ে বড় ভূমিকা রেখেছে ভোজ্যতেল ও দুগ্ধপণ্যের বাড়তি দাম। চিনি ও আমিষপণ্যের দাম সামান্য বাড়লেও খাদ্যশস্যের দাম কমেছে। খবর এফএও। http://bonikbarta.net

বাংলাদেশে পেপ্যাল আসছে ১৯ অক্টোবর, উদ্বোধন করবেন জয়

দেশের ফ্রিল্যান্সারদের দীর্ঘদিনের অপেক্ষার অবসান ঘটিয়ে অবশেষে আগামী ১৯ অক্টোবর বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করতে যাচ্ছে অনলাইনে অর্থ স্থানান্তরের সেবাদানকারী যুক্তরাষ্ট্রে ভিত্তিক প্রতিষ্ঠান পেপ্যাল।আইসিটি এক্সপো ২০১৭'র দ্বিতীয় দিনে পেপ্যাল সেবাটি উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি-বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়।সোমবার বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) মিলনায়তনে এক কর্মসূচির উদ্বোধন করার সময় আইসিটি বিভাগের প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক এ তথ্য নিশ্চিত করেছেন।http://www.ittefaq.com.bd

বিশ্ব অর্থনীতিতে অসমতা বৃদ্ধিতে উদ্বেগ

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) প্রধান ক্রিস্টিন লাগার্দে গত সপ্তাহে হার্ভার্ড ইউনিভার্সিটিতে আলোচনা করছিলেন। তাঁর কাছে কিছু সুসংবাদ ছিল। যেমন বিশ্বের প্রায় ৭৫ শতাংশ দেশেই অর্থনীতি উর্ধ্বমুখী রয়েছে। তাহলে তাঁর বক্তব্যের শিরোনাম কেন ছিল 'এ টাইম টু রিপেয়ার দ্য রুপ'? এর একটি কারণ হচ্ছে আইএমএফ সবাইকে নিয়েই চিন্তা করে। শুধু তাদের নিয়ে নয়, যারা ভালো করছে। বরং বিশ্বের ৭৫ শতাংশ অর্থনীতি যদি প্রবৃদ্ধি করে তার মানে ২৫ শতাংশ বা তারও বেশি প্রবৃদ্ধি করছে না। আইএমএফের উদ্বেগ সেখানেই। এর মধ্যে বেশ কিছু দেশ রয়েছে আফ্রিকার।http://www.kalerkantho.com

সেফটি কমিটি নেই অর্ধেক পোশাক কারখানায়

রানা প্লাজা ধসের পর দেশে-বিদেশে এক ধরনের নেতিবাচক প্রচারণার শিকার হতে হয় দেশের প্রধান রপ্তানি খাত তৈরি পোশাককে। এ সময় দেশি-বিদেশি উদ্যোক্তা, ক্রেতা সবাই পোশাক কারখানা সংস্কার এবং নিরাপত্তা নিয়ে বেশ জোর দেয়। এর ফলে শ্রমিকের অধিকার এবং নিরাপত্তা নিশ্চিত করতে ২০১৩ সালে দেশের শ্রম আইন সংশোধন হয়, যাতে কারখানাগুলোতে সেফটি কমিটি গঠন বাধ্যতামূলক করা হয়। কিন্তু আইনি বাধ্যবাধকতা থাকার পরও সংশ্লিষ্ট দপ্তরগুলোর পরিসংখ্যানে দেখা যায়, এখনো বেশির ভাগ তৈরি পোশাক কারখানায় সেফটি কমিটি হয়নি।http://www.kalerkantho.com